

র্যাগিং ঠেকাতে বন্ধনের বার্তা যাদবপুরে

এই সময়: নিগ্রহ নয়, বন্ধন।

র্যাগিং ঠেকাতে নবাগতদের এই বন্ধনের বার্তাই দিতে চায় যাদবপুর বিশ্ববিদ্যালয়। ইঞ্জিনিয়ারিং ও প্রযুক্তি বিভাগে ক্লাস শুরুর আগেই কর্তৃপক্ষের উদ্যোগে রাখীবন্ধনকে সামনে রেখেই হাতের ১৩টি মুদ্রাকে ব্যবহার করে ইতিমধ্যে নয়া সচেতনতার ব্যানারে মুখ ঢেকেছে ক্যাম্পাস।

কেন এই উদ্যোগ?

বিশ্ববিদ্যালয়ের ডিন অব স্টুডেন্টস এবং অ্যান্টি-র্যাগিং কমিটির আহ্বায়ক রজত রায়ের কথায়, ক্যাম্পাস আগের থেকে অনেকটাই বদলে গিয়েছে। র্যাগিংয়ের ঘটনাও কমে এসেছে। তাই সিনিয়ররা এখন জুনিয়রদের স্বাগতই জানায়। বিধিবদ্ধ সতর্কীকরণে পড়ুয়াদের ভয় দেখিয়ে সে ভাবে দৃষ্টি আকর্ষণ করা যায় না। তাই র্যাগিং একেবারে নির্মূল করতেই রাখীবন্ধনের এই সৃষ্টিশীল প্রচার। এই থিমের ভাবনা অবশ্য বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী পরাগ সরকারের। তা গ্রহণ করা হয়েছে। তথ্যচিত্র নির্মাতা পরাগ র্যাগিং



স্বাধীনতা, উৎসর্গ, শক্তি। এ ভাবেই নানা থিম উঠে এসেছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এ রকম আরও দশটি অ্যান্টি-র্যাগিং পোস্টারে

— এই সময়

বিরোধী বিজ্ঞাপনী প্রচারের ক্রিয়েটিভ ডিরেক্টর ও চিত্রগ্রাহক। তিনি জানান, 'জীবনচক্রের নানা মুদ্রাকে রাখীবন্ধনের মাধ্যমে এই প্রচারে ব্যবহার করা হয়েছে। পড়ুয়াদের যাতে র্যাগিং শব্দটিই আর শুনতে না হয়, সেজন্য শিরোনাম দেওয়া হয়েছে 'বন্ধন'। ১৩টি মুদ্রার নামকরণ করা হয়েছে-জীবন, পৃথিবী, আত্মা, শান্তি, শক্তি, জ্ঞান, স্বপ্ন, স্বাধীনতা, ত্যাগ, অসীকার, আশা, আনন্দ এবং সর্বজনীন সত্য। জীবনে প্রকৃত জয়ী হতে

গেলে এই সব ইতিবাচক মুদ্রা অবশ্যই প্রয়োজনীয়। নতুন পড়ুয়াদের ক্যাম্পাসে ঢোকার সময় তাদের হাতে রাখী বেঁধে স্বাগত জানান হবে পুরানোরা। প্রায় দেড়-দু'মাস ধরে চিন্তাভাবনায় থিম বন্ধনের আকল্পপ্রকাশ। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এই ভাবনা খুবই সদর্পক বলে মনে করেন সোসাইটি এগেইনস্ট ভায়োলেন্স ইন এডুকেশনের (সেভ) সহ প্রতিষ্ঠাতা কুশল বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, 'সিনিয়র-জুনিয়রদের মধ্যে

এ ভাবে দাদাভাইয়ের সম্পর্ক স্থাপনের চেষ্টা ভীষণই ইতিবাচক। একবার উভয়পক্ষের মধ্যে পরিচয় ঘটে গেলে আর জুনিয়ররা নিগ্রহের শিকার হবেন না। মন থেকে হিংসাই চলে যায়। সেইসঙ্গে দীর্ঘমেয়াদি কেল্লোও এই ভাবনা খুবই ইতিবাচক। র্যাগিং রুখতে যাদবপুর ওয়ার্কশপ করছে। সেখানে আমাদেরও আমন্ত্রণ জানিয়েছে। তবে আমার মনে হয়, বিতর্কসভা হলে আরও ভালো।